

শ্রবণদৃষ্টি প্রতিবন্ধিতার প্রাথমিক লক্ষণ

মনে রাখবেন, প্রতিটি শিশুই একে অপরের থেকে আলাদা। প্রতিটি শিশুর শেখার ধরণ, স্বাস্থ্য, ব্যবহার ইত্যাদি ভিন্ন ভিন্ন হতে পারে। তারপরও শিশুর আচরণে খুব বেশি ভিন্নতা দেখতে পেলে মা-বাবার উচিৎ বাড়তি যত্ন নেয়া ও ডাক্তারের শরণাপন্ন হওয়া।

শ্রবণদৃষ্টি প্রতিবন্ধিতা যত দ্রুত শনাক্ত করা যাবে, শিশুকে তত দ্রুত প্রয়োজনীয় সহায়তা দেয়া যাবে এবং শিশু সার্বিক উন্নয়নের জন্য ততই কার্যকর হবে।

আপনার শিশুর মাঝে নিচের লক্ষণগুলো দেখতে পেলে ডাক্তারের পরামর্শ নিন।

শিশু শব্দের উৎসের দিকে ঘাড় ঘুরিয়ে তাকায় না।

চোখের দিকে তাকায় না বা আই কন্টাক্ট করে না।

কণ্ঠস্বর, বাজনা বা যে কোনো শব্দে সাড়া দেয় না বা খুব ধীরে ধীরে সাড়া দেয়।

শব্দ করে না বা অনুকরণ করে না।

কোনো জিনিস বা খেলনা একটু দূরে থাকলে সেটা ধরার চেষ্টা করে না।

বিনা কারনে সব সময় বা খুব ঘন ঘন সামনে পেছনে শরীর দোলাতে থাকে।

চোখ পিটপিট করে বা চোখে খোঁচাতে থাকে।

শ্রবণদৃষ্টি প্রতিবন্ধিতার প্রাথমিক লক্ষণ

বেশি আলোতে বা কম আলোতে অস্বস্থি বোধ করে। অথবা আলো জ্বালানো বা নিভানোতে তার কিছুই যায় আসে না।

কোন বস্তুর ভালো করে দেখার সময় চোখ ছোট করে বা ভ্রু কুঁচকে ফোকাস করার চেষ্টা করে।

বয়সভিত্তিক নির্দেশনা অনুসরণ করতে পারে না।

হাঁটতে বা হামাগুড়ি দিতে বাধার সম্মুখীন হয়।

বিনা কারনে উচ্চস্বরে চিৎকার করতে থাকে।

মা বা পরিচিত কারো স্পর্শ না পেলে কান্না থামায় না।

সময় বা স্থান সম্পর্কে সঠিক ধারণা থাকে না।

অতিরিক্ত বা অনর্থক ছোট্টাছুটি করে।

